

## যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৩৮৪

১/ বিবিধ

আরবী

ثلاثة لا ينفع معهن عمل: الشرك بالله، وعقوق الوالدين، والفرار من الزحف  
ضعيف جدا

أخرجه الطبراني في " المعجم الكبير " (رقم - 1420) من طريق يزيد بن ربيعة  
نا أبو الأشعث عن ثوبان عن النبي صلى الله عليه وسلم: فذكره  
قلت: وهذا إسناده ضعيف جدا، يزيد بن ربيعة؛ قال النسائي  
" ليس بثقة ". وقال هو والدارقطني  
" متروك ". وقال البخاري: " أحاديثه منكورة  
وقال الهيثمي في " المجمع " (1/104)  
" رواه الطبراني في " الكبير " وفيه يزيد بن ربيعة ضعيف جدا  
قلت: ولذا أشار المنذري في " الترغيب " (2/183) لضعف الحديث  
قلت: وقد ساق الطبراني بهذا الإسناد عدة أحاديث لعلها أوفق لذكر ما ليس له  
شاهد منها قريبا إن شاء الله تعالى، فانظر الأحاديث الآتية (1400 - 1402)

বাংলা

১৩৮৪ । তিনটি বস্তু রয়েছে যেগুলোর সাথে কোন আমলই উপকারে আসবে নাঃ আল্লাহর সাথে শরীক স্থাপন করা, পিতা-মাতার নাফারমানী করা ও যুদ্ধের ময়দান থেকে পিঠ ফিরে পালিয়ে যাওয়া ।

হাদীসটি খুবই দুর্বল ।

হাদীসটি ত্ববারানী "আলমুজামুল কাবীর" গ্রন্থে (নং ১৪২০) ইয়াযীদ ইবনু রাবীয়াহ সূত্রে আবুল আশাআশ হতে, তিনি সাওবান হতে তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন: ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। ইয়াযীদ ইবনু রাবীয়াহ সম্পর্কে ইমাম নাসাঈ বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। তিনি এবং দারাকুতনী বলেনঃ তিনি মাতরুক।

ইমাম বুখারী বলেনঃ তার হাদীসগুলো মুনকার। হায়সামী "আলমাজমাউয যাওয়াইদ" গ্রন্থে (১/১০৪) বলেনঃ হাদীসটি ত্ববারানী "আলমুজামুল কাবীর" গ্রন্থে বর্ণনা করেছেন। এর সনদে ইয়াযীদ ইবনু রাবীয়াহ রয়েছেন তিনি খুবই দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ এ কারণেই মুনযেরী "আত-তারগীব" গ্রন্থে (২/১৮৩) হাদীসটি দুর্বল হওয়ার দিকে ইঙ্গিত করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72263>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন